

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]



[সাধারণ আদেশ]

সাধারণ আদেশ নং-৪৯/২০২৬/কাস্টমস/ ৫০৬

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩
৩০ আগস্ট ২০২৬

বিষয়: ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ইউপি গ্রহণপূর্বক ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানে পণ্য সরবরাহের অনুমতি।

নতুন কর্মসংস্থান সৃষ্টি, তৈরি পোশাক শিল্পের লিড টাইম কমানোর পাশাপাশি দেশের বৈদেশিক মুদ্রা সাশ্রয়, অভ্যন্তরীণ মূল্য সংযোজন বৃদ্ধি, রপ্তানিকে উৎসাহ প্রদান, সর্বোপরি, রপ্তানির বৃহত্তর স্বার্থ বিবেচনায়, ডাইং এবং মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে নীতিগত সহায়তা প্রদানের লক্ষ্যে ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ইউপি গ্রহণপূর্বক ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানে পণ্য সরবরাহের অনুমতি প্রদানে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি জ্ঞাপন করা হলো:

- ক) ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত ব্যাক-টু-ব্যাক এলসি অবশ্যই ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বৈদেশিক ক্রেতা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মাস্টার এলসি/সেলস কন্ট্রাস্ট এর বিপরীতে ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত ব্যাক-টু-ব্যাক এলসি এর বিপরীতে ইস্যুকৃত হতে হবে;
- খ) ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত ব্যাক-টু-ব্যাক এলসি-তে “মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনের জন্য ফাইবার ডাইং” কথাটি পণ্যের পরিমাণসহ সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- গ) ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ইউপি’র আবেদনকালে ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত ব্যাক-টু-ব্যাক এলসি ও প্রো-ফরমা ইনভয়েস এর সাথে ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত ব্যাক-টু-ব্যাক এলসি ও প্রো-ফরমা ইনভয়েস এর অনুলিপি দাখিল করতে হবে;
- ঘ) ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠান হতে ডাইংকৃত ফাইবার দ্বারা ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত মেলাঞ্জ ইয়ার্ন অবশ্যই ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করতে হবে;
- ঙ) ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ইউপি’র আবেদনকালে ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে সরবরাহকৃত ইউডি’র অনুলিপি দাখিল করতে হবে;
- চ) ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ব্যবসা শনাক্তকরণ নম্বর (বিআইএন)-সহ CBMS (Customs Bond Management System)-এ তালিকাভুক্ত হতে হবে;
- ছ) ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানকে Industrial IRC holder এবং VAT compliant হতে হবে; এবং

জ) ওয়ারহাউস লাইসেন্সবিহীন শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী মেলাঞ্জ ইয়ার্ন উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানকে ওয়ারহাউস লাইসেন্সধারী শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী ডাইং শিল্প প্রতিষ্ঠান হতে ডাইংকৃত ফাইবার সংগ্রহের তথ্যাদি প্রতি কর মেয়াদ শেষে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটে দাখিল করতে হবে।

২। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

২৭.

[কাজী রায়হানুজ্জামান]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২-৪। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৫। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, মোংলা।
- ৬-২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
- ২২। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
- ২৩-২৫। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ২৬। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৭। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
- ২৮-৩১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।

স্মারক নম্বর-৭(২১)শুল্ক:রপ্তানি ও বন্ড/২০০৭/৫০৬

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩
৩০ আগস্ট ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সাধারণ আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
- ২। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। পিএস টু ভারপ্রাপ্ত চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [ভারপ্রাপ্ত চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪-৫। অফিস কপি/গার্ড কপি।


১৫.০৮.২৬

[কাজী রায়হানুজ্জামান]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)